

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd
(পাসপোর্ট শাখা)


স্মারক নং: ৫৮.০১.০০০০.২০২.৭৯.০১৭.২৪/১১০২

তারিখ: ১৫ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: হারানো পাসপোর্টের তথ্য অনুযায়ী সাধারণ ডায়েরী (GD) করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কোন পাসপোর্ট আবেদনকারী তার পাসপোর্ট আবেদনে পূর্ববর্তী পাসপোর্টের রেফারেন্স হিসেবে হারানো পাসপোর্ট নম্বর উল্লেখ করলে উক্ত আবেদন নিষ্পত্তির জন্য সাধারণ ডায়েরী (GD) প্রয়োজন হয় এবং সাধারণ ডায়েরী (GD) অনুযায়ী লস সার্কুলার জারী করা হয়। বর্তমানে সকল সাধারণ ডায়েরী (GD), জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের তথ্য অনুযায়ী সম্পাদন করা হয়। অনেক ক্ষেত্রে পাসপোর্ট আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের তথ্য এবং পূর্ববর্তী হারানো পাসপোর্টের তথ্যের মধ্যে গড়মিল পরিলক্ষিত হয়। ফলে আবেদনকারীর পূর্ববর্তী পাসপোর্টের তথ্য এবং সাধারণ ডায়েরীর (GD) তথ্য ভিন্ন হওয়ায় আবেদনসমূহ নিষ্পত্তির ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয়। হারানো পাসপোর্টের সাধারণ ডায়েরীতে উক্ত পাসপোর্টে বিদ্যমান পরিচয় উল্লেখ থাকা আবশ্যিক। তবে (GD) -তে আবেদনকারীর স্বাক্ষরসহ বর্তমান নাম উল্লেখ করা যেতে পারে। অন্যথায় তাদের পাসপোর্ট সংশোধনীর আবেদন নিষ্পত্তি করা সম্ভব নয়।

এমতাবস্থায়, অত্র অধিদপ্তরের মতামতের আলোকে (GD) গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।


৩০/০৯/২৪
(মোঃ সাদ্দাম হোসেন)

সহকারী পরিচালক (পাসপোর্ট)
মহাপরিচালকের পক্ষে
adpassport@passport.gov.bd

অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক
বাংলাদেশ পুলিশ, বিশেষ শাখা, ঢাকা।
(দু. আ. বিশেষ পুলিশ সুপার (পাসপোর্ট))।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ✓ পরিচালক/উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, ----- সকল।
- ২। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ✓ উপপরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, ----- সকল।